

## আজকের 'এ' লেভেল এইচএসসি ব্যবহারিক পরীক্ষা যথারীতি হবে

যুগান্তর রিপোর্ট

আজকের পূর্বনির্ধারিত ইংরেজি মাধ্যমের 'এ' লেভেল পরীক্ষা যথারীতি চলবে। ব্রিটিশ কাউন্সিল এ তথ্য নিশ্চিত করেছে। জ্ঞানায়তে ইসলামীর সেক্রেটারি জেনারেল আলী আহসান মোহাম্মদ মুজাহিদের ফাঁসির আদেশ বহালের পরিপ্রেক্ষিতে উর দলের পক্ষ থেকে আজ হরতাল ডাকা হয়েছে। এ কারণে আজকের পরীক্ষাটি হবে কিনা— এমন প্রশ্ন দেখা দেয়।

এ পরীক্ষার বিষয়ে ব্রিটিশ কাউন্সিলের হেড অব এক্সামিনেশন্স ('ও' লেভেল, 'এ' লেভেল) মামুন হোসেন বলেন, 'কাল (আজ) নির্ধারিত সব পরীক্ষা অ্যান্সপার শিডিউল (যোষিত সময়সূচি) অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ব্রিটিশ কারিকুলামে উচ্চ মাধ্যমিক পর্যায়ের 'এ' লেভেলের জুন সেশনের এ পরীক্ষা নিচ্ছে এডেল্কেল। আজ ঢাকা, নারায়ণগঞ্জ, শিলেট এবং চট্টগ্রাম কেন্দ্রে পরীক্ষা রয়েছে। সকাল সাড়ে ১০টা এবং বিকাল ৩টায় এ পরীক্ষা নেয়ার কথা। মোট পরীক্ষার্থী প্রায় ৬শ'। আজ বায়োলজি, গভর্নমেন্ট অ্যান্ড পলিটিস, বিজনেস স্টাডিজ, রিলিজিয়াস স্টাডিজ বিষয়ের পরীক্ষা নির্ধারিত রয়েছে। মামুন হোসেন জানান, পরীক্ষার বিষয়ে বিস্তারিত তথ্য ব্রিটিশ কাউন্সিলের ওয়েবসাইটে পাওয়া যাবে।

এইচএসসির ব্যবহারিক চসমান এইচএসসির ব্যবহারিক পরীক্ষাও আজ যথারীতি নেয়া হবে। ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ও পরীক্ষা বিষয়ে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাক্ষরিতির আহ্বায়ক ড. শ্রীকান্ত কুমার চন্দ এ তথ্য জানিয়েছেন। তিনি বলেন, ১৩ জুন এ পরীক্ষা শুরু হয়েছে। শেষ হবে ২২ জুন। বিভিন্ন বিষয়ের ব্যবহারিক পরীক্ষা থাকলেও কোনটা কবে নেয়া হবে— তা ঠিক করে বোর্ড। তাই কোনো কারণে কেউ যদি পরীক্ষা দিতে নাও পারে, তাহলে সমস্যা নেই। যেমননা ২২ জুন পর্যন্ত পরীক্ষার সময় রয়েছে।